Partner Agencies

- **African Canadian Social Development Council**
  (416) 658-5100
- **Alexandra Park Community Centre**
  (416) 603-9603
- **Alexandra Park Neighbourhood Learning Centre**
  (416) 591-7384
- **Atkinson Co-op**
  (416) 504-6993
- **Canadian Race Relations Foundation**
  (416) 952-3500
- **Canadian Arab Federation**
  (416) 493-8635
- **Community Social Planning Council of Toronto**
  (416) 351-0095
- **Co-operative Housing Federation of Toronto**
  (416) 465-8688
- **Council of Agencies Serving South Asians**
  (416) 979-8611
- **Davenport-Perth Neighbourhood Centre**
  (416) 656-8025
- **Delta Family Resource Centre**
  (416) 747-1172
- **Eastview Community Neighbourhood Centre**
  (416) 393-6354
- **Fort York Food Bank**
  (416) 203-3011
- **Hispanic Development Council**
  (416) 516-0851
- **Hong Fook Mental Health Association**
  (416) 493-4242
- **Jamaican Canadian Association**
  (416) 746-5772
- **Jane Finch Community Legal Services**
  (416) 398-0677
- **Jane/Finch Concerned Citizens Organization**
  (416) 880-2870
- **Justice for Children and Youth**
  (416) 920-1633
- **Kensington-Bellwoods Community Legal Services**
  (416) 924-4244
- **Midaynta Association of Somali Serving Agencies**
  (416) 544-1992
- **NEW Experiences for Newcomer Women**
  (416) 469-0196
- **Ontario Council of Agencies Serving Immigrants**
  (416) 322-4950
- **Regent Park Neighbourhood Initiative**
  (416) 981-6738
- **Scadding Court Community Centre**
  (416) 392-0335
- **Schizophrenia Society of Ontario**
  (416) 449-6830
- **South Asian Family Support Services**
  (416) 431-4847
- **South Asian Legal Clinic of Ontario**
  (416) 542-9146
- **South Asian Women's Centre**
  (416) 537-2276
- **St. Christopher House**
  (416) 848-7980
- **St. Stephen's Community House**
  (416) 925-2103
- **Street Health**
  (416) 921-8668
- **The 519 Church Street Community Centre**
  (416) 392-6878
- **Toronto Community Housing**
  (416) 981-5500
- **Toronto Police Accountability Coalition**
  (416) 977-5097
- **Toronto Police Service**
  (416) 808-2800
- **YMCA Youth Intervention and Outreach Services**
  (416) 504-1710

অভিবাসী ও নবাগতদের জন্য সচেতনতা

CEAPC

COMMUNITY EDUCATION & ACCESS TO POLICE COMPLAINTS DEMONSTRATION PROJECT

Language: Bengali

CEAPC
পরিচিতি

কমিউনিটি এডুকেশন ও অ্যাক্সেস টু পুলিশ কমপ্লেন্ট্স ডেমোনস্ট্রেশন (CEAPC) প্রোজেক্টের লক্ষ্য হচ্ছে পুলিশের কাছে নালিশ জানানোর পদ্ধতি যেন কমিউনিটির সকলের জন্য সহজলভ্য ও প্রাপ্তিসাধ্য হতে পারে, ও সেইসাথে সে-সম্পর্কে শিক্ষামূলক সুযোগও দেয়া যেতে পারে।

আমাদের ৩৩টি কমিউনিটি সহযোগী আছে যারা, পুলিশ আপনাকে প্রশ্ন করলে আপনি কি করবেন, পুলিশ আপনার ঘরে এলে আপনি কি করবেন, এবং কোথায় আপনি সহায়তা ও আইন-সংক্রান্ত সাহায্য পাবেন, এই লক্ষ্য অর্জনে আমাদের সাহায্য করবে।

পুলিশের দ্বারা পথরোধ

পুলিশ যদি আমার পথরোধ ক'রে জিজ্ঞাসা করে আমি কে, তাহলে আমি কি করবো ?

অনর্থক ঝামেলা না বাড়িয়ে পুলিশকে আপনার পরিচয় দেবেন, হতে পারে আপনার মতো দেখতে কাউকে হয়তো তারা খুঁজে বেড়াচ্ছে। পুলিশ যদি আপনার পরিচয়পত্র দেখতে চায়, আপনি তা দেখাবেন।

> *আপনি কি জানেন যে আপনাকে আর কোনো প্রশ্নের উত্তর দিতে হবে না ? যদি জানেন, তাহলে আপনি যা কিছু বলবেন সে-সব আপনার বিরুদ্ধে ব্যবহার করা হবে যদি আপনাকে গ্রেপ্তার করা হয়।*

পুলিশ যদি মনে করে যে হয়তো আপনিই সেই অপরাধী, আর আপনি যদি তাদের বলতে না চান আপনি কে, তাহলে তারা আপনাকে গ্রেপ্তার ক'রে রাখতে পারে যতক্ষণ না তারা আপনার আসল পরিচয় নিশ্চিত করতে পারে।

ভদ্রতা বজায় রাখবেন। পুলিশকে জিজ্ঞাসা করতে পারেন আপনি যেতে পারেন কিনা, কিংবা আপনাকে গ্রেপ্তার করা হচ্ছে কিনা।

আমি যখন গাড়ী চালাচ্ছি তখন পুলিশ যদি আমাকে থামায়, তাহলে ?

আপনি গাড়ী চালানোকালে পুলিশ আপনাকে থামাতে পারে আপনার ড্রাইভিং লাইসেন্স, গাড়ীর রেজিস্ট্রেশন ও ইন্সিউরেন্স-এর কাগজপত্র পরীক্ষা ক'রে দেখার জন্য। আপনি যদি এইসকল কাগজপত্র দেখাতে না পারেন, আপনাকে হয়তো প্রাদেশিক অপরাধে অভিযুক্ত করা হতে পারে। এই অভিযোগ আপনি হয়তো প্রাদেশিক আদালতে মীমাংসার জন্য প্রতিবাদ করতে পারেন।

পুলিশ যদি আপনার তল্লাশি করে

পুলিশ যদি আমার তল্লাশি করতে চায়, তাহলে ?

পুলিশ আপনার তল্লাশি করতে পারে, আপনার কাপড়-চোপড় এবং যে-সকল জিনিস আপনার সাথে আছে যদি তাদের সন্দেহ করার কোনো কারণ থাকে যে বেআইনী কোনোকিছু আপনার সাথে আছে কিংবা যদি আপনি গ্রেপ্তার হন। আপনি যদি "অনুমতিপূর্বক সম্মতি" অথবা অনুমতি দেন তাহলেও তারা আপনার তল্লাশি চালাতে পারে। আপনার তল্লাশি চালানোর ক্ষেত্রে সবসময় আপনি অরাজীও হতে পারেন যদি না আপনি গ্রেপ্তার হয়ে থাকেন, তবে তল্লাশি করার ক্ষেত্রে সম্মতি দিলে আপনার উপর সন্দেহের মাত্রা অনেকটা কমে আসবে।

> *আপনি কি জানেন আপনাকে যদি গ্রেপ্তার বা আটক করা হয় তাহলে আপনার এই অধিকারগুলো আছে ঃ*
> - *কেন আপনাকে গ্রেপ্তার বা আটক করা হয়েছে তার কারণ জানানো*
> - *তাৎক্ষণিকভাবে একজন উকিলের সাথে পরামর্শ করা এবং একান্ত গোপনে*
> - *লিগ্যাল এইড-এর একজন উকিলের সাথে বিনাখরচে পরামর্শ গ্রহণ করা, যার টেলিফোন নাম্বার পুলিশ আপনাকে দিতে বাধ্য। একজন উকিলের নাম সুপারিশ হিসেবে পাওয়ার জন্য আপনি আমাদের কোনো একটি সহযোগী এজেন্সীর সাথেও যোগাযোগ করতে পারেন যাদের তালিকা অপর পৃষ্ঠায় দেয়া আছে।*

পুলিশ যদি আমার ঘর তল্লাশি করতে চায়, তাহলে ?

যদি পুলিশের কাছে গ্রেপ্তারী পরোয়ানা থাকে কিংবা তারা মনে করে যে আপনার ঘরে একটি অপরাধ ঘটছে তাহলেই তারা আপনার ঘরে তল্লাশি চালাতে পারে।

একটি **গ্রেপ্তারী পরোয়ানা** হচ্ছে পুলিশের কাছে আদালতের হুকুম পুলিশকে বিশেষ একটি জায়গায় বিশেষ একটি দিনে তল্লাশি চালানোর জন্য। পুলিশ যদি তল্লাশি পরোয়ানা নিয়ে আপনার ঘরে আসে, আপনি সেই পরোয়ানাটি দেখতে চাইবেন এবং দেখবেন যেন ঃ

> *আপনি কি জানেন যে ৯১১ নাম্বারে টেলিফোন করলে পুলিশ বিনা অনুমতিতে আপনার ঘরে প্রবেশ করতে পারে ?*

- ঠিকানাটি আপনার
- তল্লাশি পরোয়ানাতে যে সময় লেখা আছে পুলিশ ঠিক সেই সময়েই এসেছে
- পরোয়ানাটি একজন হাকিম অথবা জাস্টিস্ অব্ পীস দ্বারা স্বাক্ষরিত
- পুলিশ শুধু সেই জায়গাগুলোতেই তল্লাশি করবে যেখানে সেই জিনিসগুলো পাওয়া যেতে পারে (যেমন, তারা একটি চোরাই ৩৬" টেলিভিশন খুঁজতে গিয়ে আপনার গহনার বাক্স তল্লাশি করতে পারে না)

> *আপনি কি জানেন যে তল্লাশি পরোয়ানায় উল্লেখ্য জিনিস খুঁজতে গিয়েপুলিশ যদি অন্য কোনো পূর্বঘটিত অপরাধের জিনিস খুঁজে পায়, তারাসেটি বাজেয়াপ্ত করতে পারে ও আপনার বিরুদ্ধে প্রমাণ হিসেবে ব্যবহার করতে পারে।*

আপনি কি করতে পারেন

আপনি যদি মনে করেন বেআইনীভাবে কিংবা কোনো যথাযথ কারণ ছাড়াই তল্লাশি চালানো হচ্ছে, তাহলে আপনি অফিসারকে বলতে পারেন যে এই তল্লাশিতে আপনার আপত্তি আছে। সেই অফিসারের বিরুদ্ধে অভিযোগ দায়ের করারও অধিকার আপনার আছে। স্ক্যাডিং কোর্ট কমিউনিটি সেন্টার অথবা আমাদের প্রোজেক্ট সহযোগীর (অপর পৃষ্ঠায় তালিকাভুক্ত) যেকোনো একটির মাধ্যমে আপনার অভিযোগ দায়ের করতে পারেন, অথবা ইন্টারনেটে এই ওয়েব সাইটের মাধ্যমে সংশ্লিষ্ট ফর্ম পূরণ করতে পারেন ঃ

www.scaddingcourt.org

www.torontopolice.on.ca

www.occps.on.ca

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন

Project Coordinator
Scadding Court Community Centre
707 Dundas Street West
Toronto, Ontario M5T 2W6

Phone: (416) 392-0335 x 233
Fax: (416) 392-0340
Email: lsarangi@scaddingcourt.org
www.scaddingcourt.org